

জাতপাত, শ্রেণী এবং পশ্চিমবঙ্গের বাম শাসনকালের রাজনৈতিক কৌশল নির্মাণ (১৯৭৭-২০১১): একটি পর্যবেক্ষণ

গবেষণা সারসংক্ষেপ

পশ্চিমবঙ্গের রাজ্য-রাজনীতি এবং রাজনৈতিক কৌশল নির্মাণের ক্ষেত্রে 'জাতপাত' ও 'শ্রেণী' একটি গুরুত্বপূর্ণ স্থান অধিকার করে আছে। স্বাধীনতা পরবর্তী সময়ে রাজ্য রাজনীতিকে কেন্দ্র করে যেসব গণ আন্দোলন পরিচালিত হয়েছে সেখানে বামপন্থী কর্মী ও রাজনীতিবিদদের অবদান ছিল তাৎপর্যপূর্ণ। পশ্চিমবঙ্গে বামপন্থীরা মূলত 'শ্রেণী'র রাজনীতিকে হাতিয়ার করে সুদীর্ঘ ৩৪ বছর ক্ষমতায় আসীন ছিলেন। তবে এই সময় জাতপাতের রাজনীতি যে একেবারে নিমূল হয়েছিল সেটা বলা যায় না। বরং বামপন্থীদের জাতপাতের প্রতি মনোভাব, জাতপাত রাজনীতি সম্পর্কে তাঁদের অবস্থান, দলগত কৌশল, এমনকি বাম রাজনীতির সাথে সম্পৃক্ত তপশিলি নেতৃত্বের প্রতি তাঁদের দৃষ্টিভঙ্গি ভারতীয় রাজনৈতিক পরিসরে পশ্চিমবঙ্গের রাজনীতিকে আকর্ষণীয় করে তুলেছিল। বর্তমান গবেষণা সন্দর্ভে পশ্চিমবঙ্গে বাম রাজনীতির উদ্ভব, বিকাশ, সুদীর্ঘ ৩৪ বছরে বামদের দলগত কৌশল, বাম রাজনীতিতে জাতপাত ভিত্তিক নেতাদের অবস্থান ও তাঁদের আর্থ-সামাজিক, রাজনৈতিক রূপরেখা নিরূপণ এবং সার্বিকভাবে বামপন্থীদের সাফল্য ও ব্যর্থতা আলোচনা করার প্রয়াস নেওয়া হয়েছে। একইসাথে এই সন্দর্ভে বামপন্থী রাজনৈতিক দলগুলোর ভূমিকা, শ্রেণীভিত্তিক নেতৃত্ব তৈরি এবং জাতপাত রাজনীতির বাইরে বামপন্থীদের শ্রেণী ভিত্তিক আন্দোলন পশ্চিমবঙ্গে কিভাবে নির্ণয়ক হয়ে উঠেছিল তা বিশেষ গুরুত্ব সহকারে আলোচনা করা হয়েছে।